ourdiu.com | Shared by S. M. Nazmus Sakib Turzo

Daffodil International University
Department of Agricultural Science
Faculty of Health & Life Sciences
Final Examination, Spring 2026

Course Code: 0232-111
Section: A
Full Marks: 40

Course Title: Bangla Language & Literature
Level-Term: L1,T1

Teacher's Initial: HMH
Time: 2 Hours

সকল প্রশ্নের উত্তর দাও। ডান পাশের সংখ্যা পূর্ণমান জ্ঞাপক

১. বানানগুলো শুদ্ধ করে অনুচ্ছেদটি লেখ — CLO1,C3 8

দরিদ্র্য, ঘনবসতি, নগরজিবনের নানা অনিশ্চয়তা আর জলবায়ুর পরিবর্তনের ভেতর বাংলাদেশের সম্ভাবনা ও টিকে থাকার মূল জায়গাটি হচ্ছে ভুমি ও কৃষক সম্প্রদায়। আমি কৃষি ও কৃষককেই আমাদের উন্নয়ন ও অস্তিত্বের প্রধান নিয়ামক ভাবতে চাই। নদীমাতৃক ও কৃষিপ্রধান অঞ্চল হিসেবে প্রাচীনকাল থেকে এই ভুমির রয়েছে আলাদা এক গুরুত। ব্রিট্রিস উপনিবেশিক সময় থেকেই এই বাংলাকে শাষককুল ভেবেছে এক শস্যভান্ডার হিসেবে। হাজার বছরের ঐহিত্যে লালিত বাঙালিও নদী, বিল, হাওর লালিত প্রকৃতির খুব কাছাকাছি থেকে জীবনযাপন কিংবা ক্ষুধা নিবারণের চিন্তায় কখনো ব্যকূল হতে হয়নি। শাষকদের শত রকমের শোসণের ভেতরও তারা প্রকৃতির দিকে তাকিয়েই টিকে থাকার নিশ্চয়তা পেয়ে গেছেন। প্রকৃতিই তাকে শক্তি ও সস্তি দুই-ই দান করেছে। সময়ের বিবর্তনে আমরা স্বাধীন সত্তায় উজ্জল হয়ে উঠেছি। স্বাধীনতা সময়কালের ৭ কোটি জনগোষ্ঠীর নিজস্ব উতপাদন ব্যাবস্থার ভেতরে টিকে থাকা নিয়ে কোনো প্রশ্ন ছিল না। খেয়ে পরে বেঁচে নিজস্ব ভুখন্ডে নিজেদের মতো এগিয়ে যাওয়ার বিষয়টি ছিল সুনিশ্চিত। নদীমাতৃক উর্বর ভুমির এই দেশে কখনোই খাদ্যে সংকট আসবে এই চিন্তা ছিল না কারোরই। নতুন দেশের কৃষিসহ সার্বিক উতপাদন কাঠামো এগিয়ে নেয়ারও ছিল কার্যকর নানা পদক্ষেপ। স্বাধীনতা পরবর্তী সময়ের পদক্ষেপগুলো এ জাতির টিকে থাকার ক্ষেত্রে এক বড় আসীর্বাদ হয়ে আছে এখনো।

২. পৃথিবীতে কতো মৃত্যু আছে,কতো বিচ্ছেদ আছে, ফিরিয়া ফল কি,এই পৃথিবীতে কে কাহার - *পোস্টমাস্টার* গল্প আলোকে বিশ্লেষন করো। — CLO2,C3 8

৩. জীবনানন্দ দাশের *রূপসী বাংলা* কাব্যগ্রন্থে প্রতিফলিত পূর্ব বাংলার প্রাকৃতিক সৌন্দর্যের ধারণা দাও। — CLO2,C3 8

৪. ড্যাফোডিল ক্যাম্পাসে উদযাপিত পহেলা বৈশাখ অথবা বইমেলাকে মুখ্য উপজীব্য করে পত্রিকায় প্রকাশ উপযোগী একটি সাধারণ প্রতিবেদন লেখ। — CLO3,C3 8

৫. কবর নাটকের জাতীয় চেতনার মধ্যেই লুকায়িত আছে জুলাই আন্দোলনের বীজ উক্তিটির যথার্থতা ব্যাখ্যা কর। — CLO2,C3 8